ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-২৮৫৪

খোয়াই, ১৫ সেপ্টেম্বর, ২০২৫

**খোয়াই জিলা পরিষদের অর্থ বিষয়ক স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত**

খোয়াই জিলা পরিষদের কনফারেন্স হলে আজ খোয়াই জিলা পরিষদের অর্থ বিষয়ক স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন উক্ত কমিটির সভাপতি তথা জিলা পরিষদের সভাধিপতি অপর্ণা সিংহ রায় (দত্ত)। সভায় সভাধিপতি বক্তব্য রাখতে গিয়ে বলেন, এক ত্রিপুরা শ্রেষ্ঠ ত্রিপুরা গঠনের স্বপ্নকে বাস্তবায়িত করতে বিভিন্ন দপ্তরের সমন্বয়ে উন্নয়নমূলক কাজ নিষ্ঠার সঙ্গে বাস্তবায়িত করতে হবে। সভায় জিলা পরিষদের সদস্য সচিব জানান, চলতি অর্থবছরে খোয়াই জেলার খোয়াই, কল্যাণপুর ও তেলিয়ামুড়া ব্লকে উন্নয়নমূলক কাজের জন্য আনটাইড ফান্ডে ১৩ লক্ষ ৫৬ হাজার ৩১৯ টাকা এবং টাইড ফান্ডে ১২ লক্ষ ৬৮ হাজার ১৬০ টাকা প্রদান করা হবে। এছাড়াও পঞ্চায়েত উন্নয়ন তহবিলে ৩টি ব্লকে ৬ লক্ষ ৪ হাজার ২৭৪ টাকা প্রদান করা হবে। সভায় এছাড়াও উপস্থিত ছিলেন অর্থ বিষয়ক স্থায়ী কমিটির সদস্য রঞ্জিত সরকার, কল্যাণপুর পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান সোমেন গোপ, জিলা পরিষদ সদস্যা বিজয়েতা দেববর্মা, সদস্য-সচিব উত্তম দাস বৈষ্ণব প্রমুখ।

*******